

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১২৭

ধর্মনগর, ১৬ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন-২০২৪

উত্তর ত্রিপুরা জেলায় অবাধ ও শান্তিপূর্ণভাবে ভোটগ্রহণ সম্পন্ন করার

জন্য সবধরনের প্রস্তুতি নেওয়া হয়েছে : জেলা নির্বাচন আধিকারিক

উত্তর ত্রিপুরা জেলায় ২-ত্রিপুরা পূর্ব (এসটি) লোকসভা ক্ষেত্রের ভোটগ্রহণ অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে সবধরনের প্রস্তুতি নেওয়া হয়েছে। উত্তর ত্রিপুরা জেলার জেলা নির্বাচন আধিকারিক তথা জেলাশাসক ও সমাহর্তা দেবপ্রিয় বর্ধন আজ এক সাংবাদিক সম্মেলনে একথা বলেন। জেলাশাসক কার্যালয়ে এই সাংবাদিক সম্মেলনে জেলা নির্বাচন আধিকারিক জানান, উত্তর ত্রিপুরা জেলায় ৩৭২টি ভোটকেন্দ্র রয়েছে। এই ভোটকেন্দ্রগুলিকে বিভিন্ন ক্যাটাগরিতে ভাগ করে প্রতিটি ভোটকেন্দ্রের জন্য পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। প্রতিটি ভোটকেন্দ্রের জন্য একজন করে মাইক্রো অবজারভার দায়িত্বে থাকবেন। ১০০ শতাংশ ওয়েবকাস্টিং এর ব্যবস্থা থাকবে। এই ওয়েব কাস্টিং তিনটিস্তরে মনিটরিং করা হবে। ওয়েবকাস্টিং মনিটরিং করার জন্য বিশেষ টিম গঠন করা হয়েছে। জেলায় দিব্যাজন ও ৮৫ বছরের উর্ধ্ব বয়সের ভোটারদের আগামীকাল ও ১৮ এপ্রিল বাড়ি বাড়ি ভোট গ্রহণ করা হবে। এজন্য পোলিং পার্সনাল, মাইক্রো অবজারভার এবং বিভিন্ন রাজনৈতিক দলের পোলিং এজেন্টগণ থাকবেন। জেলাশাসক আরও জানান, এক্সপেনডিচার মনিটরিং এর জন্যও জেলায় বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

সাংবাদিক সম্মেলনে পুলিশ সুপার ভানুপদ চক্রবর্তী জানান, জেলায় ফ্ল্যাগমার্চ, এরিয়া ডমিনেশন, হোটেল চেকিং, যানবাহন চেকিং-এর ব্যবস্থা নেওয়া হয়েছে। এদিনের সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলাশাসক ও সমাহর্তা সুভাষ চন্দ্র সাহা, তথ্য ও সংস্কৃতি দপ্তরের যুগ্ম অধিকর্তা দিলীপ কুমার দেববর্মা প্রমুখ।
